# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৮৭

৪. কিতাবুল ঈলম (كتاب العلم)

---

আরবী

أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ أبي بكر المقدمي قال: حدثنا المقرىء قَالَ: أَنْبَأَنَا حَيْوَةُ قَالَ: حَدَّثَنِي أَبُو صَخْرٍ أَنَّ سَعِيدًا الْمَقْبُرِيَّ أَخْبَرَهُ أَنَّهُ سَمِعَ أَبَا هُرَيْرَةَ يَقُولُ إِنَّهُ سَمِعَ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ:
(مَنْ دَخَلَ مَسْجِدَنَا هَذَا لِيَتَعَلَّمَ خَيْرًا أَوْ يعلِّمه كَانَ كَالْمُجَاهِدِ فِي سَبِيلِ اللَّهِ وَمَنْ دَخَلَهُ لِغَيْرِ ذَلِكَ كان كالناظر إلى ما ليس له)
□□ □□□ □

[تعليق الشيخ الألباني]

حسن – ((التعليق الرغيب)) (1/ 62).

الحديث: 87 ¦ الجزء: 1 ¦ الصفحة: 203

বাংলা

ذِكْرُ التَّسْوِيَةِ بَيْنَ طَالِبِ الْعِلْمِ وَمُعَلِّمِهِ وَبَيْنَ الْمُجَاهِدِ فِي سَبِيلِ اللَّهِ

তালিবে ইলম (ইলম শিক্ষার্থী), ইলমের শিক্ষাদানকারী এবং আল্লাহর রাস্তায় জিহাদকারী (সাওয়াবের দিক দিয়ে) পরস্পর সমান- এ সম্পর্কিত বর্ণনাঃ

---

৮৭. আবূ হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বলতে শুনেছিঃ যে ব্যাক্তি আমাদের এই মসজিদে কোন উত্তম বিষয় শিক্ষা দানের উদ্দেশ্যে অথবা শিক্ষা লাভের উদ্দেশ্যে আসে, সে আল্লাহ্‌র রাস্তায় জিহাদরত ব্যক্তির মতো (মর্যাদাসম্পন্ন)। আর যে ব্যাক্তি এ ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে আসে, সে অপরের সম্পদের প্রতি (লোলুপ) দৃষ্টি নিক্ষেপকারীর মতো।[1]

## ফুটনোট

[1] আলবানী: হাসান।
আরনাউত্ব: হাসান।

তাখরীজ: হাকিম ১/৯১; ইবনু আবী শাইবা ১২/২০৯; ইবনু মাজাহ ২২৭; আহমাদ ২/৩৫০, ৪১৮, ৫২৭। বুসীরী একে সহীহ বলেছেন।
এর শাহিদ রয়েছে সাহল ইবনু সা'দ রা: হতে তাবারাণী, কাবীর ৫৯১১ তে।
এছাড়া, আবী উমামাহ হতে হাকিম ১/৯১ ও তাবারাণী, কাবীর। হাইসামী মাজমা ১/১২৩ তে বলেছেন, এর বর্ণনাকারীগণ সকলেই বিশ্বস্ত।
এছাড়াও, আব্দুর রহমান ইবনু আবী বাকর হতে মাওকুফ হিসেবে মালিক ১/১৭৫।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)
Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87001

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন